দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 DEC 2015
পৃষ্ঠা ১৩ কলাম ২

# ১০ হাজার কলেজ শিক্ষককে এমপিওভুক্তির জন্য চিঠি দেবে সংসদীয় কমিটি

সংসদ রিপোর্টার ॥ বেসরকারী কলেজের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের প্রায় দশ হাজার শিক্ষককে এমপিওভুক্তির জন্য অর্থ মন্ত্রণালয়কে চিঠি দেবে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। একটি চিঠি সরাসরি অর্থ মন্ত্রণালয়কে এবং আরেকটি চিঠি স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরীর মাধ্যমে মন্ত্রণালয়ে পাঠানো হবে।

মঙ্গলবার জাতীয় সংসদে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। কমিটির সভাপতি মোঃ আফছারুল আমীনের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, মোঃ আব্দুল কুদ্দুস, ছলিম উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এস.এম. আবুল কালাম আজাদ, মোহাম্মদ মামুনুর রশিদ এবং সেলিনা আক্তার বানু অংশ নেন। সংশ্লিষ্টরা জানিয়েছেন, ১৯৯৩-১৯৯৪ সাল থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ পর্যায়ে স্নাতক ও স্নাতকোত্তর এমপিওভুক্ত হয়। স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু করার জন্য প্রতি বিষয়ের জন্য কলেজে কমপক্ষে ৬ থেকে ৮ জন শিক্ষক থাকা আবশ্যক। স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু হওয়ার পর প্রতি বিষয়ের জন্য শিক্ষকদের এমপিওভুক্তির অনুপাত বাড়ানো হয়নি। এমপিওভুক্তির বিধিমালায় স্নাতক ও স্নাতকোত্তর কলেজের শিক্ষকদের রাখা হয়নি। ফলে যেসব কলেজে বিভিন্ন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু করা হয়েছে সেখানের শিক্ষকরা কোর্সগুলোতে পাঠদানের জন্য আলাদা কোন সম্মানী ভাতা পান না। ওইসব শিক্ষকদের কলেজগুলো নিজেদের ব্যবস্থাপনা থেকে বেতন-ভাতা দিয়ে থাকে।